

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে ইউজিসি প্রথম

নিজস্ব
প্রতিবেদক

২৬ জুন, ২০২৪
১৫:৫০

শেয়ার

অ +

অ -



২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নে প্রথম স্থান লাভ করেছে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি)। শিক্ষা মন্ত্রণালয়ের ২৩টি প্রতিষ্ঠানের মধ্যে ইউজিসি এ স্থান লাভ করে। এ

উপলক্ষে ইউজিসি সচিব ড. ফেরদৌস জামানকে সম্মাননা ক্রেস্ট ও সার্টিফিকেট তুলে দেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী ও প্রতিমন্ত্রী বেগম শামসুন নাহার।

আজ বুধবার (২৬ জুন) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগে অনুষ্ঠিত এক অনুষ্ঠানে ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সম্পাদন এবং এপিএ ও শুদ্ধাচার পুরস্কার অনুষ্ঠানে এ সম্মাননা দেওয়া হয়।

ইউজিসির জনসংযোগ বিভাগ এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, এপিএ ও শুদ্ধাচার পুরস্কার অনুষ্ঠানে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব সোলেমান খানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মন্ত্রী মহিবুল হাসান চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে ছিলেন একই মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী বেগম শামসুন নাহার এবং কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের সচিব ড. ফরিদ উদ্দিন আহমদ।

এ সময় মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব সোলেমান খান এবং ইউজিসি সচিব ড. ফেরদৌস জামান ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে (এপিএ) নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সই করেন।

অনুষ্ঠানে ড. ফেরদৌস জামান দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের আন্তরিকতা ও দক্ষতার সঙ্গে কাজ করার আহ্বান জানান। তিনি বলেন, এপিএ

চুক্তি যথাযথ বাস্তবায়ন করা গেলে শিক্ষা ও গবেষণায় দেশ এগিয়ে যাবে এবং বিশ্ব র‍্যাংকিংয়ে বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলো কাজক্ষিত স্থান অর্জন করতে সক্ষম হবে।

উল্লেখ্য, ২০২২-২০২৩ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে শিক্ষা মন্ত্রণালয়ের ২৩টি প্রতিষ্ঠানের মধ্যে দ্বিতীয় ও তৃতীয় স্থান লাভ করেছে যথাক্রমে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।